# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি-‘চতুর্থ**

**বিষয় :- ইতিহাস**

**একক :দেশে বিদেশে জ্ঞানী গুণী মনীষীদের কথা**

**(প্রথম থেকে শেষ পর্যন্ত পড়া )**

1)ধর্মের গোঁড়ামি বলতে কী বোঝো?

উঃ 68পাতা

2)মানুষ কেন দেব-দেবীর পুজো করত?

উঃ 68পাতা

3)বিভিন্ন দেশের জ্ঞানী মানুষেরা সাধারণ মানুষদের উপদেশ দিয়েছিলেন কেন?

উঃ 69পাতা

4) জরাথুষ্ট্র কে ছিলেন? তিনি কী বলেছিলেন?

উ:- পারস্য দেশের এক পন্ডিত। তিনি বলতেন- মানুষের কাজ হল শত্রুকে বন্ধু করা, ন্যায়ের প্রতিষ্ঠা করা, দয়া মায়া অনুশীলন করা আর অজ্ঞতাকে দূর করা।

5)"জ্ঞানই পুণ্য"--- কথাটি কে বলেছিলেন? তিনি কোন দেশে জন্মে ছিলেন?

উ:- সক্রেটিস। তিনি গ্রিস দেশের মানুষ ছিলেন।

6) চিন দেশের জ্ঞানী মানুষ কে ছিলেন?

উ:-চিন দেশের জ্ঞানী মানুষ ছিলেন কনফুসিয়াস।

7) "জিন" কথাটির অর্থ কী?

উ:- সংস্কৃতে "জিন" কথাটির অর্থ জয়ী।

8) "জিন" কাদের বলা হয়?
উ:- যে মানুষ আসক্তি, আকাঙ্খা, ক্রোধ,অহংকার, লোভ এইসব আবেগগুলিকে জয় করে জ্ঞান লাভ করেন,তাকেই "জিন" বলা হয়।

9) তীর্থঙ্কর কাদের বলে?
উ:-জৈন ধর্মের প্রচারকগণ তীর্থঙ্কর নামে পরিচিত।

10) মহাবীর কে ছিলেন?
উ:- জৈন ধর্মের ২৪তম তীর্থঙ্কর।

11)মহাবীর সাধারণ মানুষদের কী উপদেশ দিতেন?
উ:- মহাবীরের উপদেশ ছিল -" হিংসা না করা, সত্য কথা বলা, সরল জীবন যাপন, আর সম্পত্তিতে লোভ না করা।"

12) আমাদের দেশের কোন কোন রাজ্যে আজও মানুষ জৈনধর্ম মেনে চলেন?
উ:- আমাদের দেশের রাজস্থান ও গুজরাট রাজ্যে আজও মানুষ জৈন ধর্ম মেনে চলেন।
13) জৈনদের ধর্মগ্রন্থ দুটির নাম লেখো।

উ:-জৈন ধর্মের ধর্মগ্রন্থ দুটির নাম অঙ্গ ও উপাঙ্গ।

14) ছক পূরণ।
মনীষীর-ধর্ম-ধর্মগ্রন্থ- ধর্মমত
নাম অবলম্বী

বুদ্ধদেব-বৌদ্ধ-ত্রিপিটক-বৌদ্ধ

জিশুখ্রিষ্ট-খ্রিষ্ট-বাইবেল-খ্রিষ্টান

হজরত-ইসলাম-কোরাণ-মুসল
মহম্মদ মান

গুরু- শিখ- গ্রন্থসাহেব-শিখ
নানক

শ্রীচৈতন্য-বৈষ্ণব-*** -- বৈষ্ণব

15) সিদ্ধার্থের নাম কখন বুদ্ধদেব হয়েছিল?
উ:- গৃহত্যাগ করার পর সিদ্ধার্থ ঘুরতে ঘুরতে গয়ায় এসে পৌঁছন,এবং সেখানে একটি অশ্বত্থ গাছের তলায় (যেটি বোধি বৃক্ষ নামে পরিচিত ) গভীর ধ্যানে মগ্ন হন এবং জ্ঞান বা বোধি লাভ করেন। এই বোধ বা বোধি থেকেই তার নাম হয় বুদ্ধদেব।

16) মহাপুরষদের বাণী:-

ক) "অত্যাচরী শাসক হিংস্র বাঘের চেয়েও ভয়ঙ্কর "-
উ:- কনফুসিয়াস

খ) "কালী,খ্রিষ্ট, আল্লা সবই এক"-
উ:- রামকৃষ্ণ।

গ) "মন্দির, মসজিদ তীর্থে ভগবান নেই"-
উ:- কবীর

ঘ) "মুচি,মেথর,অজ্ঞান,মূর্খ
দরিদ্র সব ভারতবাসী আমার  ভাই"- উ:- স্মামী বিবেকানন্দ।

* *বই ভালোভাবে  রিডিং পড়বে।

**বি:দ্র:**

- :ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRAI